

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৬১

(کتاب الجنائز عن رسول الله ﷺ) ٥٥/ कांगन-नांगन

পরিচ্ছেদঃ যে তার সন্তানকে অগ্রে পাঠিয়ে দেয় তার ছাওয়াব।

باب مَا جَاءَ فِي ثَوَابِ مَنْ قَدَّمَ وَلَدًا

আরবী

حَدَّنَنَا نَصِرُ بْنُ عَلِيِّ الْجَهْضَمِيُّ، حَدَّنَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ، حَدَّنَنَا الْعَوَّامُ بْنُ حَوْشَب، عَنْ أَبِي مُحَمَّد، مَوْلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنْ أَبِي عُبَيْدَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود، عَنْ عَبْدِ اللَّهِ مَنْ قَدَّمَ ثَلاَثَةً لَمْ يَبْلُغُوا الْحُلُمَ كَانُوا لَهُ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ قَدَّمَ ثَلاَثَةً لَمْ يَبْلُغُوا الْحُلُم كَانُوا لَهُ حِصْنًا حَصِينًا مِنَ النَّارِ " . قَالَ أَبُو ذَرِّ قَدَّمْتُ اثْنَيْنِ . قَالَ " وَاثْنَيْنِ " . فَقَالَ أَبُى بُنُ حَصْنًا حَصِينًا مِنَ النَّارِ " . قَالَ أَبُو ذَرِّ قَدَّمْتُ اثْنَيْنِ . قَالَ " وَاثْنَيْنِ " . فَقَالَ أَبُى بُنُ كَعْبِ سَيِّدُ الْقُرَّاءِ قَدَّمْتُ وَاحِدًا قَالَ " وَوَاحِدًا وَلَكِنْ إِنَّمَا ذَاكَ عِنْدَ الصَّدْمَةِ الأُولَى " . قَالَ أَبُو عَيْدَةً لَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ . قَالَ أَبُو عَرِيثٌ غَرِيبٌ . وَأَبُو عُبَيْدَةَ لَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ .

বাংলা

১০৬১. নাসর ইবনু আলী জাহযামী (রহঃ) আবূদুল্লাহ্ ইবনু মাসউদ রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি তিনটি না বালেগ সন্তান অগ্রে পাঠায় তবে তারা তার জন্য সুরক্ষিত দুর্গ হবে। আবূ যারর রাদিয়াল্লাহ্ আনহু বললেন, আমার দুটো সন্তানকে অগ্রে পাঠিয়েছি। তিনি বললেন, দুটো পাঠালেও। সায়্যিদুল কুররা (ক্লারীগণের সর্দার) উবাই ইবনু কা'ব রাদিয়াল্লাহ্ আনহু বললেন, আমি তো একটি অগ্রে পাঠিয়েছি? তিনি বললেন, একটিকে পাঠালেও। তবে তা হবে, সন্তান-বিয়োগ ব্যথায় ধৈর্য ধারণ করলে। - ইবনু মাজাহ ১৬০৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৬১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি গারীব। রাবী আবূ উবায়দা (রহঃ) তাঁর পিতা ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস শোনেন নি।

English

Abdullah bin Mas'ud narrated that:

The Messenger of Allah said: "Whoever has three that precede him (in death) while they did not reach the age of puberty, then they will be a well-



fortified fortress for him against the Fire."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন